

পরীক্ষার্থীদের নিরাপত্তায় পুলিশ ব্যবস্থা

নিজস্ব বাতী পরিবেশক

এবার পরীক্ষার্থীদের নিরাপত্তায়ও পুলিশ থাকবে। রাজনৈতিক কর্মসূচির কারণে পরীক্ষার্থীদের মধ্যে চরম অনিশ্চয়তা তৈরি হওয়ায় পুলিশ তাদের নিরাপত্তার বিশেষ ব্যবস্থা নিতে যাচ্ছে। বিশেষ করে গতকাল হরতাল শেষে ও-সেভেল এবং এ-সেভেল পরীক্ষা একে হওয়ায় হত্যাণ দেবা দিয়েছে অভিভাবকদের মধ্যে। এ নিয়ে খানায় অভিযোগও করেছেন অনেকেই। রাজনৈতিক মাগাতার কর্মসূচির ফলে মেধাবীরা বার বার অভিযুক্ত হওয়ায় তাদের পাশে দাঁড়াতে চায় ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)।
ডিএমপির পুলিশ : পৃষ্ঠা : ১৫ ক : ৪

পুলিশ : ব্যবস্থা
(১ম পৃষ্ঠার পর)

কমিশনার বেনজীর আহমেদ বলেন, রাজনৈতিক কর্মসূচির মধ্যেও অভিভাবকরা যদি তাদের সন্তানদের পরীক্ষা কেন্দ্রে নিয়ে যেতে চায় তাহলে ডিএমপি পরীক্ষার্থীদের সর্বোচ্চ নিরাপত্তা দেবে। এর জন্য অভিভাবকদের সহযোগিতা কামনা করেন তিনি। গতকাল দুপুরে ডিএমপির মিডিয়া সেক্টরে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। সারাদেশে সাড়ে পাঁচশ' স্থল ঘর পুড়িয়ে দেয়া হয়েছে উদ্ভেব করে বেনজীর আহমেদ বলেন, রাজনৈতিক সহিংসতায় অসংখ্য স্থল ঘর পুড়িয়ে দেয়া হয়েছে যা একটি দেশের ভবিষ্যতের জন্য চরম হুমকি। যারা এসব কর্মকাণ্ড ঘটিয়ে থাকেন তাদের বিবেকের আড়াল এসব ধ্বংসাত্মক কর্মকাণ্ড থেকে ফিরে আসার আহ্বানও জানান তিনি। তিনি বলেন, হরতাল শেষে ঢাকার ৮টি কেন্দ্রে যে পরীক্ষা অনুষ্ঠিত হবে তাতে যে নিরাপত্তা থাকবে, এটা সাময়িক। তবে পুলিশ পরীক্ষার্থীদের জন্য সার্বক্ষণিক নিরাপত্তা নিশ্চিত করতে চায়। তারা চাইলে রাজনৈতিক কর্মসূচির মধ্যেও পরীক্ষা দিতে পারবে। তাদের যথাসম্ভব নিরাপত্তা দেয়ার দায়িত্ব নেবে পুলিশ। যদি কেউ নিরাপত্তাহীনতায় ভোগ তাহলে নিউজ খানায় জানাতে হবে। দ্রুত রাজনৈতিক সংকট নিরসন হবে বলেও তিনি আশাবাদ ব্যক্ত করেন।

সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, রাজধানীতে সন্ত্রাসীদের আড়া করে এনে তাদের দিয়ে বোমাবাজি ও নাশকতার ব্যবস্থা করা হচ্ছে। আমরা তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ অব্যাহত রেখেছি। এ পর্যন্ত প্রায় ১২শ' সন্ত্রাসীকে মোবাইল কোর্টের মাধ্যমে সাজা দেয়া হয়েছে। এছাড়াও দুই হাজার সন্ত্রাসী আটক করে জেলহাজতে পাঠান হয়েছে। তিনি আরও বলেন, এ শহরটাকে আমরা নাগরিকদের শহর বানাতে চাই। এ শহরে কোন ধরনের নাশকতা হতে দেয়া হবে না। তিনি বলেন, বর্তমানে সহিংসতা অনেকটাই কমে এসেছে। বাকিটা নির্মূল করতে কাজ করছে পুলিশ। বিএনপি নেতাদের প্রেক্ষতারের বিষয়ে তিনি বলেন, এ পর্যন্ত বিএনপি'র যে সকল নেতাকর্মী আটক করা হয়েছে তাদের বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ রয়েছে।